# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/হিসাব/৫২/২০২৫/২৯২ তারিখ: ১০/১১/২০২৫ খ্রি.।

## HSC-2025 Examiner`s Bill Database আপডেটকরন সংক্রান্ত

## বিজ্ঞপ্তি

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাভুক্ত এইচএসসি-২০২৫ পরীক্ষার সম্মানীত প্রধান পরীক্ষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এইচএসসি-২০২৫ পরীক্ষার অনলাইন বিল প্রস্তুতের জন্য অনলাইন প্যানেল Open রয়েছে। সম্মানীত প্রধান পরীক্ষকদেরকে বরিশাল বোর্ডের ওয়েবসাইটে (www.barisalboard.gov.bd) প্রবেশ করে Penel Link থেকে HSC-2025 Head Examiner Bill Form এ ক্লিক করতে হবে। পরবর্তীতে আইডি ও পাসওয়ার্ড (Capital letter) দিয়ে প্যানেলে প্রবেশ করে বিল প্রস্তুত করবেন এবং সবশেষে সাবমিট দিয়ে লগ আউট করে প্যানেল থেকে বের হয়ে আসবেন। প্রধান পরীক্ষকবৃন্দ প্রযোজ্য ক্ষেত্রে বিল যাচাই, সংযোজন ও বিয়োজন করতে পারবেন। ৩০ নভেম্বর-২০২৫ এর মধ্যে Bill Submit করার জন্য অনুরোধ করা হলো। আপনাদের জ্ঞাতার্থে ও কার্যার্থে নিম্নে কিছু তথ্যাদি দেয়া হলো;

## প্রধান পরীক্ষক হিসেবে আপনার নিজের মূল্যায়িত উত্তরপত্রই হবে আপনার উত্তরপত্র সংখ্যা। পরীক্ষকদের মূল্যায়িত উত্তরপত্রের ১২% আপনার উত্তরপত্রের সাথে যোগ দিবেন না। এটি অটো ক্যালকুলেশন হয়ে আপনার উত্তরপত্রের সংখ্যার সাথে যোগ হবে।

## সোনালী ও রূপালী ব্যাংকের হিসাব হলে অবশ্যই ১৩ ডিজিট হবে এবং ব্যাংক ও শাখার নাম লিখতে হবে।

## প্রধান পরীক্ষক অবশ্যই পরীক্ষকদের ব্যাংক হিসাব নম্বর যাচাই করে সঠিক তথ্য সাবমিট করবেন।

## প্রধান পরীক্ষক ও পরীক্ষকদের আনুষাঙ্গিক খাতে থোক বরাদ্দ দেয়া হবে। অনলাইন বিলের সাথে ডাক স্লিপ সংযুক্তির প্রয়োজন নেই।

## প্রধান পরীক্ষক হিসেবে আপনার তালিকায় অপ্রাসঙ্গিক Examiner ID থাকলে তা Delete করার প্রয়োজন নেই।

## প্রধান পরীক্ষকের আওতাধীন কোন পরীক্ষকের আইডি না পেলে দ্রুত নিম্নোক্ত মোবাইল নম্বর: ০১৫৫৮-২২৪২৯৬ এ SMS দিন (প্রধান পরীক্ষকের আট সংখ্যার আইডি, পরীক্ষকের চার সংখ্যার আইডি)। দ্রুত সময়ের মধ্যে আপনার প্যানেলে পরীক্ষক আইডি পেয়ে যাবেন।

## প্রধান পরীক্ষক হিসেবে আপনার মূল্যায়িত উত্তরপত্র ও আপনার আওতাধীন পরীক্ষকদের মূল্যায়িত উত্তরপত্রের সংখ্যার সাথে নিরীক্ষকদের নিরীক্ষিত উত্তরপত্রের সংখ্যা সমান হবে।

## প্রেরিত বিলের তথ্যাদি সম্পর্কে সম্পূর্ণ দায়-দায়িত্ব প্রধান পরীক্ষককে বহন করতে হবে।

দ্রুত ও বিশ্বস্ততার মাধ্যমে সেবা প্রাপ্তির লক্ষ্যে এ বোর্ডের আওতাধীন এইচএসসি-২০২৫ পরীক্ষার সম্মানীত প্রধান পরীক্ষকদের সার্বিক সহযোগিতা কামনা করছি।

১০.১১.২০২৫

মোঃ আঃ সালাম
হিসাবরক্ষণ কর্মকর্তা
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
মোবাইল: ০১৭৯৬-৫৪৩৮৫৩

০৫/০১